



স্মারক নং-০৫.৩০.৯৩৮৫.০০০.০৯.০০৫.১৮-৬০৭

তারিখ : ০৪ ভাদ্র ১৪২৭ বাংলা  
২২ আগস্ট ২০২০ খ্রি.


এতদ্বারা সখিপুর উপজেলার ৫নং হাতীবান্ধা, ৬নং কালিয়া এবং ৭নং দাড়িয়াপুর ইউনিয়নের সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ৫নং হাতীবান্ধা ইউনিয়নের ১, ৬, ৭ ও ৮নং ওয়ার্ডের, ৬নং কালিয়া ইউনিয়নের ৪নং ওয়ার্ডের এবং ৭নং দাড়িয়াপুর ইউনিয়নের ৭ ও ৮ নং ওয়ার্ডসহ সর্বমোট ০৭(সাত)টি মহল্লাদারের শূণ্য পদের বিপরীতে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০১৫ যা ১৩ জুলাই ২০১৭ তারিখের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত সংশোধিত বাংলাদেশ গেজেটে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) গ্রাম পুলিশ বাহিনী গঠন, প্রশিক্ষণ, শৃঙ্খলা ও চাকুরির শর্তাবলী সম্পর্কিত বিধিমালা, ২০১৫ এর ৭(২) ধারা অনুযায়ী মহল্লাদার পদে ০৭(সাত) জন লোক নিয়োগ করা হবে। সেই মোতাবেক বর্ণিত ইউনিয়নের স্থায়ী বাসিন্দাদের নিকট হতে আগামী ০৮/০৯/২০২০ খ্রি. তারিখের মধ্যে নিম্নবর্ণিত শর্তপূরণ সাপেক্ষে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্র: নং	পদের নাম, ইউনিয়ন ও ওয়ার্ড	সর্বোচ্চ বয়সসীমা	শিক্ষাগত যোগ্যতা	শারীরিক যোগ্যতা	বেতনক্রম ও প্রচলিত ভাতাদি
১	মহল্লাদার  ৫নং হাতীবান্ধা (১,৬,৭,৮নং ওয়ার্ড) ৬নং কালিয়া (৪নং ওয়ার্ড) ৭নং দাড়িয়াপুর (৭,৮ নং ওয়ার্ড)	৩০ বৎসর তবে মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে বয়স ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য।	৮ম শ্রেণি বা জেএসসি পাশ বা সমমান	<b>পুরুষ</b>  সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট ২ ইঞ্চি বুকের মাপ ৩০ ইঞ্চি (স্বাভাবিক) ৩২ ইঞ্চি সম্প্রসারণ  সর্বনিম্ন ওজন ৫০ কেজি  <b>মহিলা</b>  সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট বুকের মাপ ২৮ ইঞ্চি (স্বাভাবিক) ৩০ ইঞ্চি সম্প্রসারণ  সর্বনিম্ন ওজন ৪৫ কেজি	স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগ, ইউপি-২ অধিশাখার ২২.০৬.২০১৫ খ্রি. তারিখের ৪৬.০১৮.০৩২.০০.০০.০৪০.২০১ ৫-৫৯৫নং স্মারক অনুযায়ী  সরকারি অংশ = ৩২৫০/- ইউপি অংশ = ৩২৫০/- সর্বমোট = ৬,৫০০/-

শর্তাবলি :

- ১। প্রার্থীকে সংশ্লিষ্ট ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হতে হবে।
- ২। আবেদনপত্রে প্রার্থীর নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, জাতীয়তা, ধর্ম, জন্ম তারিখ (বয়স ০৮/০৯/২০২০ খ্রি. তারিখে), শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা (যদি থাকে) ও বিশেষ কোটায় প্রার্থী হলে তা উল্লেখসহ প্রার্থীকে আবেদন করতে হবে।
- ৩। আবেদন পত্রের সাথে নিম্নবর্ণিত কাগজ পত্রাদি সংযুক্ত করতে হবে :  
ক. ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্রের সত্যায়িত কপি।  
খ. জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি।  
গ. প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্যতোলা ৪(চার) কপি পাসপোর্ট সাইজের রঞ্জন ছবি।  
ঘ. প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদের মূল কপি।  
ঙ. সকল শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতা সনদের সত্যায়িত কপি।  
চ. যে কোন তফসিলভুক্ত ব্যাংক হতে “উপজেলা নির্বাহী অফিসার, সখিপুর” বরাবর ৩০০/- (তিনশত) টাকার অফেরতযোগ্য ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।  
ছ. মুক্তিযোদ্ধা সন্তানের ক্ষেত্রে জেলা প্রশাসক, টাঙ্গাইল কার্যালয়ের ২৯/০৯/২০১৪ খ্রি. তারিখের ০৫.৩০.৯৩০০.০০৭.১৩.০০২.২০১৪-৬০৪(১২) নং স্মারক পত্রের ৩নং শর্তানুযায়ী জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলের ২৪তম সভার সিদ্ধান্ত অনুসারে মুক্তিযোদ্ধা সনদপত্রের ক্ষেত্রে জাতীয় তালিকা/লাল মুক্তিবাহারী তালিকা/মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক স্বাক্ষরিত হতে হবে। অন্য সকল সাময়িক সনদ/গেজেটেড মুক্তিযোদ্ধা পোষ্যদের আবেদনের সাথে এ মর্মে অঙ্গীকার করতে হবে যে, চূড়ান্ত তালিকায় মুক্তিযোদ্ধা হিসেবে তালিকাভুক্ত হতে না পারলে তার চাকুরি বাতিল হবে। উপযুক্ত সনদের কপি প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে।  
জ. অন্যান্য কোটার ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণ পত্রের সত্যায়িত কপি।

- ৪। প্রার্থীকে যোগাযোগের ঠিকানা সংবলিত এবং অব্যবহৃত ১০.০০ টাকার ডাক টিকেটযুক্ত ৪.৫/১০ ইঞ্চি সাইজের একটি ফেরত খাম সংযুক্ত করতে হবে এবং খামের উপর পদের নাম অবশ্যই উল্লেখ করতে হবে।
- ৫। ছবি ও সনদপত্রাদি সত্যায়নের ক্ষেত্রে নামযুক্ত সীল ব্যবহার করতে হবে।
- ৬। ০৮/০৯/২০২০ খ্রি. তারিখে প্রার্থীর বয়স ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা সন্তানের বয়স ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য।
- ৭। চাকুরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত তারিখের মধ্যে আবেদন দাখিল করতে হবে। এ ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য নয় এবং অগ্রিম কপি গ্রহণ করা হবে না।
- ৮। আবেদনপত্র আগামী ০৮/০৯/২০২০ খ্রি. তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে (সরাসরি অথবা ডাকযোগে) দাখিল করতে হবে।
- ৯। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও নির্ধারিত তারিখের পর প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- ১০। স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) কর্মচারী বিধিমালা ২০১৫ যা ১৩ জুলাই ২০১৭ তারিখে অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত সংশোধিত বাংলাদেশ গেজেটে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) গ্রাম পুলিশ বাহিনী গঠন, প্রশিক্ষণ, শৃংখলা ও চাকুরির শর্তাবলি বিধিমালা ২০১৬ এর ৭(২) ধারা অনুযায়ী প্রদত্ত শর্তাবলি এ নিয়োগের ক্ষেত্রে প্রযোজ্য হবে।
- ১১। আবেদনপত্র গ্রহণ ও বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি বিবেচনা করা হবে না।
- ১২। প্রার্থীকে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ দেয়া হবে না।
- ১৩। পরবর্তীতে প্রার্থীকে স্থায়ীকরণের বিষয়ে স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।



( আসমাউল হুসনা লিজা )  
উপজেলা নির্বাহী অফিসার  
সখিপুর, টাঙ্গাইল।

ও

সভাপতি

ইউনিয়ন পরিষদ কর্মচারী নিয়োগ ও পদোন্নতি কমিটি

৩-০৯২৩২-৫৬০০১

[email-unoshakhipur@mopa.gov.bd](mailto:email-unoshakhipur@mopa.gov.bd)




স্মারক নং-০৫.৩০.৯৩৮৫.০০০.০৯.০০৫.১৮-৫০৭/১(৫০)

তারিখ : ০৪ ভাদ্র ১৪২৭ বাংলা  
১২ আগস্ট ২০২০ খ্রি.

অনুলিপিঃ সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো।

০১. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
০৩. জেলা প্রশাসক, টাঙ্গাইল।
০৪. উপ-পরিচালক, স্থানীয় সরকার, টাঙ্গাইল।
০৫. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সখিপুর, টাঙ্গাইল।
০৬. উপজেলা ..... কর্মকর্তা, সখিপুর, টাঙ্গাইল।
০৭. সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, সখিপুর, টাঙ্গাইল। তাঁকে নিয়োগ বিজ্ঞপ্তিটি উপজেলা/ইউনিয়ন তথ্য বাতায়নের মাধ্যমে ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।
০৮. চেয়ারম্যান, .....(সংশ্লিষ্ট) ইউ,পি সখিপুর, টাঙ্গাইল। তাঁকে প্রেরিত নিয়োগ বিজ্ঞপ্তিটি ওয়েবসাইট এবং টোল সহরতের মাধ্যমে ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।
০৯. সভাপতি, সখিপুর প্রেসক্লাব, সখিপুর, টাঙ্গাইল। তাঁকে নিয়োগ বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের অনুরোধসহ।
১০. নোটিশ বোর্ড, অত্রাফিস।
১১. অফিস কপি।



( আসমাউল হুসনা লিজা )  
উপজেলা নির্বাহী অফিসার  
সখিপুর, টাঙ্গাইল।

ও

সভাপতি

ইউনিয়ন পরিষদ কর্মচারী নিয়োগ ও পদোন্নতি কমিটি

